

শ্যামনগর উপজেলা পরিষদের অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির

সেপ্টেম্বর'২০২১ মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : খালেদা আইয়ুব, ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় : ১২/০৯/২০২১ খ্রিঃ, সকাল ১১.০০টা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্যঃ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য কমিটির সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।	সভা পরিচালনা	উপজেলা নির্বাহী অফিসার
২.	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ১. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ আগামী মাসের মধ্যে পাওয়া যেতে পারে। ইতোমধ্যে ইউ,পি চেয়ারম্যানদের নিকট প্রকল্প তালিকা চাওয়া হয়েছে। প্রকল্প তালিকা পাওয়ার পর যাচাই বাছাই কমিটি কর্তৃক অনুমোদনের পর পরিষদ মাসিক সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করা হবে।	যাচাই বাছাই কমিটি কর্তৃক অনুমোদনের পর পরিষদ সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ পেশ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
	২. চলতি অর্থ বছরে উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি টক বাগান তৈরী করার প্রস্তাব করেন। উপজেলা পরিষদের বার্ষিক বাজেটে রাজস্ব তহবিলের অর্থায়নে ২.০০ লক্ষ টাকার মধ্যে বৃক্ষরোপন কর্মসূচীর খাতে টক জাতীয় গাছের বাগান এবং একটি বৃক্ষরোপন উৎসব আয়োজনের জন্য উপস্থিত সবার মতামত আহবান করেন।	সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত। চূড়ান্ত অনুমোদনের জন্য পরিষদ সভায় সুপারিশ পেশ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
	৩. বার্ষিক বাজেটে ক্রীড়া এবং সংস্কৃতি খাতে ২.০০ লক্ষ টাকার মধ্যে একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন এবং ইউনিয়ন ভিত্তিক বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজনের জন্য সভায় মতামত প্রদান করেন।	সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত। চূড়ান্ত অনুমোদনের জন্য পরিষদ সভায় সুপারিশ পেশ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
	৪. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৫ (দ) অনুযায়ী উপজেলা পরিষদের সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপনের নির্দেশিকা আছে। রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ পূর্বক পরিষদে সোলার প্যানেল স্থাপনের জন্য উপস্থিত সবার দৃষ্টি আকর্ষণ করেন।	সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত। চূড়ান্ত অনুমোদনের জন্য পরিষদ সভায় সুপারিশ পেশ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
	৫. উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টার স্থাপনের জন্য একটি ফটোকপি মেশিন এবং একটি কালার প্রিন্টার ক্রয়ের জন্য সিদ্ধান্ত গ্রহণের জন্য মতামত আহবান করেন। তিনি বলেন যে, ডিজিটাল সেন্টারে কম্পিউটার সহ অন্যান্য সামগ্রী বিদ্যমান থাকায় নতুন করে ক্রয় করার প্রয়োজন নেই।	সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত। চূড়ান্ত অনুমোদনের জন্য পরিষদ সভায় সুপারিশ পেশ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার।

এছাড়া সভায় উপস্থিত সদস্যরা নিজেদের মতামত প্রদান করেন। উপস্থিত সকলেই উপজেলা পরিষদের অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খালেদা আইয়ুব)  
ভাইস চেয়ারম্যান (মহিলা)

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি  
শ্যামনগর, সাতক্ষীরা।

স্মারক নং : উ.প./শ্যাম/সাত/১৬- ৭২

তারিখ : ১২/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৪। জনাব.....
- .....
- ৫। অফিস কপি।

১০২/১৩২৫/১০১০ মনোমল্লিকা ও সুষমা  
 অমলদ আনন্দ

ক্র.সং.	ব্রাহ্ম	মামা	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত
০১	উপসংযোগ হাট্টা কোম্পানি	সংগঠিত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত
০২	আইসিআই নিবন্ধিত কোম্পানি	সংগঠিত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত
০৩	ডে: সুবর্ণাশ্রম, স্টেড. বি.	সংগঠিত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত
০৪	ডে: সুবর্ণাশ্রম স্টেড. বি.	সংগঠিত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত
০৫	ডে: সুবর্ণাশ্রম স্টেড. বি.	সংগঠিত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত	স্বাভ্যুত